



ঢাকা কমার্স কলেজ

(স্ব-অর্থায়নে পরিচালিত, রাজনীতি ও ধূমপানমুক্ত) College Code: 1375 (DB), 6438 (NU), EIIN: 108207

ঢাকা কমার্স কলেজ রোড, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন: 9023338, 9004942, 9007945

Website: www.dcc.edu.bd, Facebook: DhakaCommerceCollege, Webmail: dcc1989@dcc.edu.bd

পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা

স্মারক নং: ঢাকক-

তারিখ: ১৩.০৫.২০১৯

বিজ্ঞপ্তি

২০১৮-১৯ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী ২য় পর্ব পরীক্ষায় অকৃতকার্য হয়েছে বা অসুস্থতাজনিত ও অন্যান্য কারণে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তাদের সাপ্লিমেন্টারি পরীক্ষা আগামী ১৯/০৫/২০১৯ তারিখ হতে অনুষ্ঠিত হবে। প্রতি বিষয়ের পূর্ণমান: ১০০ এবং সময়: ৩ ঘণ্টা। সাপ্লিমেন্টারি পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে দ্বাদশ শ্রেণিতে ক্লাস করার অনুমতি দেয়া যেতে পারে। ১৬/০৫/২০১৯ তারিখের মধ্যে হিসাব শাখায় বিষয় প্রতি ২০০/- (দুইশত টাকা) জমা দিয়ে প্রাপ্ত জমা রশিদ প্রবেশপত্র হিসেবে পরীক্ষার হলে দেখানোর জন্য সংরক্ষণ করতে হবে।

পরীক্ষার হলে ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত বিষয়সমূহ মেনে চলতে হবে:

- ১। প্রবেশপত্র ও পরিচয়পত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না।
- ২। পরীক্ষার হলে অসদুপায় অবলম্বনের কোনো প্রমাণ পাওয়া গেলেই বহিষ্কার করা হবে।
- ৩। পরীক্ষার হলে পরীক্ষা সংক্রান্ত কাগজপত্র ছাড়া অন্য কোনো কাগজপত্র, বই, ব্যাগ, মোবাইল ইত্যাদি সঙ্গে আনা যাবে না।
- ৪। পরীক্ষা শুরু কমপক্ষে ১৫ মিনিট পূর্বে পরীক্ষার হলে প্রবেশ করতে হবে।
- ৫। পরীক্ষার হলে পরস্পর কলম, পেন্সিল, ইরেজার, স্কেল, ক্যালকুলেটর ইত্যাদি বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৬। পরীক্ষার্থীকে অবশ্যই উত্তরপত্রের প্রতি পৃষ্ঠায় ১৬ থেকে ১৮ লাইন লিখতে হবে এবং প্রতি লাইনে কমপক্ষে ৫ হতে ৬টি শব্দ লিখতে হবে।
- ৭। পরীক্ষার্থীকে পূর্ণ সময় হলে অবস্থান করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।
- ৮। পরীক্ষার্থীরকে যথাযথ ইউনিফর্ম পরিধান করে আসতে হবে।
- ৯। উত্তরপত্রের বাম পার্শ্বে ও উপরে ১ ইঞ্চি মার্জিন দিতে হবে এবং প্রশ্ন নং মার্জিনের উপরে লিখতে হবে।
- ১০। টাকা জমা দেয়ার রশিদ হারিয়ে গেলে বা বাসায় রেখে আসলে বা অন্য কোনো কারণে রশিদ আনতে না পারলে, সেক্ষেত্রে পরীক্ষার দিন হিসাব শাখায় ১০০/- টাকা জমা দিয়ে পরীক্ষা নিয়ন্ত্রণ শাখা হতে পরীক্ষার অনুমতিপত্র সংগ্রহ করতে হবে।

পরীক্ষার সময়সূচি

পরীক্ষার তারিখ ও বার	পরীক্ষার বিষয় ও পত্র	বিষয় কোড	সময়
১৯/০৫/২০১৯ (রবিবার)	বাংলা (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০১ ও ১০২	১০:০০টা-১:০০টা
২০/০৫/২০১৯ (সোমবার)	তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	২৭৫	১০:০০টা-১:০০টা
২১/০৫/২০১৯ (মঙ্গলবার)	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ১ম ও ২য় পত্র	২৭৭ ও ২৭৮	১০:০০টা-১:০০টা
২২/০৫/২০১৯ (বুধবার)	ইংরেজি (আবশ্যিক) ১ম ও ২য় পত্র	১০৭ ও ১০৮	১০:০০টা-১:০০টা
২৩/০৫/২০১৯ (বৃহস্পতিবার)	হিসাববিজ্ঞান ১ম ও ২য় পত্র	২৫৩ ও ২৫৪	১০:০০টা-১:০০টা
২৫/০৫/২০১৯ (শনিবার)	উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন ১ম ও ২য় পত্র	২৮৬ ও ২৮৭	১০:০০টা-১:০০টা
২৬/০৫/২০১৯ (রবিবার)	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা ১ম ও ২য় পত্র	২৯২ ও ২৯৩	১০:০০টা-১:০০টা
২৭/০৫/২০১৯ (সোমবার)	অর্থনীতি ১ম ও ২য় পত্র	১০৯ ও ১১০	১০:০০টা-১:০০টা
	পরিসংখ্যান ১ম ও ২য় পত্র	১২৯ ও ১৩০	
	ভূগোল ১ম ও ২য় পত্র	১২৫ ও ১২৬	

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
১৩.০৫.২০১৯

উপদেষ্টা (অ্যাকাডেমিক)
১৩/৫/১৯

আহবায়ক (পরীক্ষা কমিটি)

উপ পরীক্ষা নিয়ন্ত্রক